2026

4th Semester Examination (CCFUP : NEP)

BENGALI

Paper : MJ 5-T

(Single Core Major)

MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY

(উনিশ শতকের বাংলা গদ্য সাহিত্য পাঠ)

Full Marks : 60 Time : Three Hours

The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers in their own words as far as practicable.

বিভাগ - ক

যে-কোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১। কার লেখা কোন্ গ্রন্থানুসরণে বিদ্যাসাগর 'শকুন্তলা' গ্রন্থটি রচনা করেছিলেন?

২। "বুঝিলাম, আজ উদ্যানলতা, সৌন্দর্য্যগুণে, বনলতার নিকট পরাজিত হইল" — কে, কী প্রসঙ্গে একথা ভেবেছিলেন?

৩। কী কারণে, কার সঙ্গে রাজা দুষ্যন্ত দেবলোকে যাত্রা করেছিলেন?

৪। "ইহাই বাঙ্গালা ভাষায় উৎকৃষ্ট গীতিকাব্য" — কাব্যগুলির নাম লেখো।

P.T.O.

৫। "যে প্রজার অর্থ নজর দিতে দিতে ফুরাইয়া গেল—" — কার লেখা কোন্ প্রবন্ধের অংশ? প্রজার নাম কী?

৬। কার লেখা, কোন্ কোন্ গ্রন্থে মিরন্দা ও দেস্‌দিমোনার পরিচয় পাওয়া যায়?

৭। 'কলিকাতায় চড়ক পার্ব্বণ' রচনার সূচনায় যে সংগীতাংশটি রয়েছে, তা উল্লেখ করো।

৮। 'মাহেশের স্নানযাত্রা' রচনাটি অবলম্বনে গুরুদাস গুঁই-এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। 'শকুন্তলা' গ্রন্থ অনুসরণে অনসূয়া চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

১০। "এ জন্মের মতো, আমার সে আশালতা নির্ম্মূল হইয়া গিয়াছে" — উদ্ধৃতিটির ব্যাখ্যা দাও।

১১। "অতএব গীতের যে উদ্দেশ্য, যে কাব্যের সেই উদ্দেশ্য তাহাই গীতিকাব্য" — সংক্ষিপ্ত আলোচনা করো।

১২। "রাজা ভিন্নজাতীয় হইলেই রাজ্যকে পরাধীন বলিতে পারা যায় না" — কে, কেন এরূপ মন্তব্য করেছেন তা বিবৃত করো।

১৩। "হুতোম প্যাঁচার নকশা হাস্যরস ও সামাজিক সমালোচনার সমন্বয়" — মন্তব্যটি বিশ্লেষণ করো।

MIDNAPORE CITY COLLEGE • CENTRAL LIBRARY • ESTD 2017

১৪। 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থের "মিউটিনি" অধ্যায়ে লেখকের দৃষ্টিতে সেকালের বাঙালির যে মনোভাবের পরিচয় পাওয়া যায়, তা সংক্ষেপে বিবৃত করো।

বিভাগ - গ

যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

১৫। "ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর অনূদিত 'শকুন্তলা' বাংলা গদ্যসাহিত্যে এক অনন্য সংযোজন" — অভিমতটির গুরুত্ব বিচার করো।

১৬। 'শকুন্তলা' গ্রন্থ অনুসরণে শকুন্তলা চরিত্রটি আলোচনা করো।

১৭। "বঙ্গীয় গীতিকাব্য লেখকদিগকে দুই দলে বিভক্ত করা যাইতে পারে" — এই দুই দলের বিস্তৃত পরিচয় দাও।

১৮। 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধের ৩য় পরিচ্ছেদ "প্রাকৃতিক নিয়ম" অনুসরণে শ্রমোপজীবীর দুর্দশার কারণ সম্বন্ধে লেখকের অভিমতগুলির পরিচয় দাও।

১৯। 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থের "দুর্গোৎসব" অধ্যায় অবলম্বনে দুর্গোৎসবের প্রস্তুতির পরিচয় দাও।

———

MIDNAPORE CITY COLLEGE • CENTRAL LIBRARY • ESTD 2017